

গাইবান্ধার সুন্দরগঞ্জে বোয়ালী দারুল উলুম সিনিয়র মাদরাসার অধ্যক্ষ হারুন-অর-রশিদকে লাঞ্ছিতের অভিযোগ উঠেছে কয়েকজন শিক্ষক কর্মচারী বিরুদ্ধে। জানা গেছে, গত মঙ্গলবার দুপুরে অধ্যক্ষ হারুন-অর-রশিদ নিজ কার্যালয়ে অফিসের কাজ করছিলেন। এ সময় প্রতিষ্ঠানের নিয়োগ সংক্রান্ত বিরোধের জের ধরে তার সহকর্মী রওশন হাবীব ও মোস্তাফিজুর রহমান কিছু সংখ্যক উশৃঙ্খল ব্যক্তিকে সঙ্গে নিয়ে অফিস কক্ষে তুকে অতর্কিতভাবে অধ্যক্ষকে বেধেরক মারপিট করেন। এরপর অধ্যক্ষকে অফিস কক্ষে অবরুদ্ধ করে রাখেন। এছাড়া তারা অফিসের কাগজপত্র জোর করে নিয়ে যান। খবর পেয়ে কঞ্চিবাড়ী পুলিশ তদন্ত কেন্দ্রের এসআই আনিসুর রহমান ফোর্সসহ ঘটনাস্থলে গিয়ে অধ্যক্ষকে উদ্ধার করেন। মোবাইল ফোনে অধ্যক্ষ ঘটনার সত্যতা স্বীকার করে জানান, কি কারণে তারা মারপিট করেছে এবং কাগজপত্র নিয়ে গেছে তা আমি জানি না। এ নিয়ে থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।